(খ) জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক আয়োজিত অনলাইন প্রশিক্ষণে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে অংশগ্রহণের অনুমতি প্রদান করা যাবে; এবং

(গ) অনলাইনে অংশগ্রহণকৃত কর্মকালীন প্রশিক্ষণ এবং অর্জিত পেশাগত ডিগ্রির তথ্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর ডোশিয়ার/পিআইএমএস-এ অন্তর্ভুক্ত করা যাবে।

১১. মূল্যায়ন

(ক) প্রশিক্ষণার্থী কর্মচারীগণের অনলাইনে লিখিত পরীক্ষা, অ্যাসাইনমেন্ট বা অন্য কোনো মূল্যায়ন প্রক্রিয়া গ্রহণ করা হলে নির্ধারিত মানদণ্ড নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রশিক্ষণ প্রতিষ্ঠান 'অনলাইন মূল্যায়ন প্রক্রিয়া-সংক্রান্ত নির্দেশিকা' প্রণয়নপূর্বক অনলাইন প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে অবহিত করবে; এবং

(খ) অনলাইন প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত অবহিত করা সম্ভব না হলে বা মূল্যায়ন প্রক্রিয়া পরিমার্জন করা প্রয়োজন হলে মূল্যায়ন প্রক্রিয়া শুরুর পূর্বে তা অবহিত করতে হবে।

১২. প্রশিক্ষণ ভাড়া

কোর্স কনটেন্ট, কোর্সের মেয়াদ, ক্লাস সেশনের সময় প্রচলিত পদ্ধতির ন্যায় অপরিবর্তিত থাকলে প্রশিক্ষণার্থীদের দৈনিক ভাড়া অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে মোবাইল ডেটা, কম্পিউটার, প্রিন্টিং এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় প্রশিক্ষণ ভাড়া থেকে নির্বাহ করতে হবে। অন্যান্য ভাড়া অপরিবর্তিত থাকবে।

১৩. প্রশিক্ষকের সম্মানি

(ক) যুগপৎ শিক্ষণ (Synchronous learning) পদ্ধতিতে প্রশিক্ষণ সেশন পরিচালনা করা হলে প্রশিক্ষকগণ প্রচলিত পদ্ধতির সমপরিমাণ ঘণ্টাভিত্তিক সম্মানি প্রাপ্য হবেন;

(খ) অসমন্বিত শিক্ষণ (Asynchronous learning) পদ্ধতিতে ভিডিও রেকর্ডিং-এর মাধ্যমে প্রশিক্ষণ সেশন পরিচালনা করার ক্ষেত্রে দীর্ঘ পূর্বপ্রস্তুতি (কন্টেন্ট প্রস্তুত, স্ক্রিপ্ট তৈরি, ভিডিও ধারণ ইত্যাদি কাজে) প্রয়োজন হলে প্রশিক্ষকগণকে প্রচলিত সম্মানির সমপরিমাণ থেকে সর্বোচ্চ দ্বিগুণ পরিমাণ পর্যন্ত ঘণ্টাভিত্তিক সম্মানি প্রদান করা যাবে; এবং

(গ) অন্য কোনো অসমন্বিত শিক্ষণ পদ্ধতিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হলে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রচলিত পদ্ধতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সম্মানির হার নির্ধারণ করা যাবে।

১৪. অন্যান্য সম্মানি

প্রশিক্ষণ কার্যক্রমে নিয়োজিত অন্যদের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সম্মানির হার নির্ধারণ করা যাবে।

১৫. প্রশিক্ষণার্থীগণকে দাপ্তরিক কার্যক্রম থেকে অব্যাহতি

(ক) সার্বক্ষণিক প্রশিক্ষণের ক্ষেত্রে অনলাইনে প্রশিক্ষণ পরিচালনা করা হলেও প্রচলিত পদ্ধতির অনুরূপভাবে প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীগণকে দাপ্তরিক কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করতে হবে। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণকে স্ব স্ব অবস্থানে থেকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; এবং

(খ) সার্বক্ষণিক প্রশিক্ষণ না হলে এবং কর্মকালীন প্রশিক্ষণ/পেশাগত ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণের কর্মস্থল থেকে অবমুক্ত হওয়ার প্রয়োজন নেই।

১৬. প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি ও ব্যবহার

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় অনলাইন প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় সফটওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করবে এবং আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ পরিচালনা ও পরিবীক্ষণে উক্ত সফটওয়্যার ব্যবহার করবে। সফটওয়্যারটি এমনভাবে তৈরি করতে হবে যাতে সকল মন্ত্রণালয়/বিভাগের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান উক্ত সফটওয়্যার ব্যবহার করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারে। প্রয়োজনের নিরিখে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে তার আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিজস্ব প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি করতে পারবে; এবং

(খ) অনুচ্ছেদ ১৬ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি হওয়ার পূর্ব পর্যন্ত মানসম্পন্ন প্রচলিত দেশি/বিদেশি সফটওয়্যার ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যাবে। যদি সরকারি অর্থে এমন কোনো সফটওয়্যার তৈরি করা থাকে যা সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ব্যবহার উপযোগী তবে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ব্যবহার করা যাবে।

১৭. প্রশিক্ষণের তথ্য অননুমোদিতভাবে প্রচার (Unauthorized sharing)

অনলাইন প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং প্রশিক্ষকের অননুমোদন ব্যতীত কোনো সেশনের ভিডিও এবং অন্যান্য তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোনো অনলাইন ও প্রচলিত মাধ্যমে প্রচার করা যাবে না। এরূপ অননুমোদিত প্রচার (Unauthorized sharing) করা হলে তা অসদাচরণ হিসাবে গণ্য করা হবে।

১৮. বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও স্বত্ব (Copyright)

(ক) অনলাইন প্রশিক্ষণের লক্ষ্যে ব্যবহৃত ভিডিও রেকর্ড, স্ক্রিপ্ট ইত্যাদি বুদ্ধিবৃত্তিক সম্পদ ও স্বত্বের ক্ষেত্রে 'কপিরাইট আইন, ২০০০', এবং এ লক্ষ্যে প্রণীত অন্যান্য প্রচলিত আইন এবং বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(খ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অর্থে কোনো পেশাদার প্রতিষ্ঠানের মাধ্যমে ধারণকৃত ভিডিও এবং প্রস্তুতকৃত অন্যান্য কনটেন্টের স্বত্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষিত থাকবে;

(গ) প্রশিক্ষকের নিজস্ব বুদ্ধিবৃত্তি ব্যবহার করে প্রস্তুতকৃত ভিডিও এবং অন্যান্য কনটেন্টের স্বত্ব প্রশিক্ষক কর্তৃক সংরক্ষিত থাকবে এবং তা প্রশিক্ষকের অনুমতিক্রমে এক বা একাধিক প্রশিক্ষণ কোর্সে ব্যবহার করা যাবে;

(ঘ) অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে ব্যবহৃত বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যবস্থাপনার লক্ষ্যে প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্দেশিকা প্রণয়ন করবে; এবং

(ঙ) অনলাইন প্রশিক্ষণে ব্যবহৃত কনটেন্ট (লেকচার নোট, ভিডিও, প্রেজেন্টেশন স্লাইড ইত্যাদি) যেন প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ চলাকালীন এবং পরবর্তীতে প্রয়োজনে ব্যবহার করতে পারে তা সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ নিশ্চিত করবে।

১৯. অস্পষ্টতা দূরীকরণ

এই নির্দেশিকা প্রয়োগের ক্ষেত্রে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে।

শেখ ইউসুফ হান্নুন
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব..... (সকল মন্ত্রণালয়/বিভাগ)
৩. রেটর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাদার, ঢাকা
৪. রেটর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা
৫. মহাপরিচালক,
৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী অতিরিক্ত সংখ্যায় প্রকাশের জন্য এবং ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ)
৭. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা

০৩ মাঘ, ১৪২৩ বঃ

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৫.০১৩.১৬.১০

তারিখঃ-----

১৯ জানুয়ারি, ২০১৭ খ্রি.

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তার সঞ্জীবনী প্রশিক্ষণে মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ০৪.০২.২০১৭ তারিখ হতে ১০.০২.২০১৭ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন ব্যাপি (সাতারাতসহ) কক্সবাজার জেলার বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিতব্য সঞ্জীবনী প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নে উল্লিখিত ৩৩ জন প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাকে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

ক্রমিক নং	নাম	পদবী	দপ্তর/অধিশাখা/শাখা
১.	জনাব মাহমুদা আক্তার	প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসন-১ অধিশাখা
২.	জনাব মোঃ মহিবুল হেকিম	প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসন-২ অধিশাখা
৩.	জনাব মোহাম্মদ মোবারক হোসেন	প্রশাসনিক কর্মকর্তা	পরিবহন অধিশাখা
৪.	জনাব মোঃ আশরাফুল আজাদ	প্রশাসনিক কর্মকর্তা	কল্যাণ অধিশাখা
৫.	জনাব আব্দুর রাক্কাক তালুকদার	ব্যক্তিগত কর্মকর্তা	সঃ ও কঃ অধিশাখা
৬.	সৈয়দা মোমেনা ইয়াসমিন	প্রশাসনিক কর্মকর্তা	বাজেট ও পরিবীক্ষণ অধিশাখা
৭.	জনাব শামীম আরা বেগম	প্রশাসনিক কর্মকর্তা	গ্রহণ ও বিতরণ ইউনিট
৮.	জনাব মুহাম্মদ আরিফুজ্জামান	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	হিসাব শাখা
৯.	জনাব মোঃ রবিউল আলম	সহকারী লাইব্রেরিয়ান	মহাফেজ খানা
১০.	জনাব মোঃ জিয়াউর রহমান	প্রশাসনিক কর্মকর্তা	উর্ধ্বতন নিয়োগ-২
১১.	জনাব মোঃ ফেরদৌস আলী	প্রশাসনিক কর্মকর্তা	উর্ধ্বতন নিয়োগ-৪
১২.	জনাব মাহুফা সুলতানা	প্রশাসনিক কর্মকর্তা	মাঠ প্রশাসন-১ শাখা
১৩.	জনাব ভক্তিরানী পাল	প্রশাসনিক কর্মকর্তা	প্রেষণ-২
১৪.	জনাব মোঃ গোলাপ মিয়া	প্রশাসনিক কর্মকর্তা	নবনিয়োগ শাখা
১৫.	জনাব আবদুল আলীম	প্রশাসনিক কর্মকর্তা	সিআর-১ শাখা
১৬.	জনাব মোঃ হেলাল উদ্দীন	প্রশাসনিক কর্মকর্তা	সিআর-২ শাখা
১৭.	জনাব মাহিনুর খাতুন	প্রশাসনিক কর্মকর্তা	সি আর-৩ শাখা
১৮.	জনাব মোঃ আসলাম হোসেন	প্রশাসনিক কর্মকর্তা	উন্নয়ন শাখা
১৯.	জনাব এন. টি. এ. পারভীন	প্রশাসনিক কর্মকর্তা	পরিকল্পনা-১ শাখা
২০.	জনাব মোঃ নজরুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	পরিকোষ-২ শাখা
২১.	জনাব মোছাঃ কাননুন নাহার	প্রশাসনিক কর্মকর্তা	পরিকল্পনা-৪ শাখা
২২.	জনাব মোসঃ জাহান আরা	প্রশাসনিক কর্মকর্তা	বিদেশ প্রশিক্ষণ শাখা
২৩.	জনাব মোঃ হুমায়ুন কবীর	প্রশাসনিক কর্মকর্তা	সিপি-১ অধিশাখা
২৪.	জনাব হাওলাদার আবু সাদ্দ	প্রশাসনিক কর্মকর্তা	অঃপঃ-২ শাখা
২৫.	মোছাঃ ফাতেমা আক্তার	প্রশাসনিক কর্মকর্তা	পরিসংখ্যান ও গবেষণা কোষ
২৬.	জনাব মোঃ নূরুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	সওব্য-৬ শাখা
২৭.	জনাব ফিরোজা বেগম	প্রশাসনিক কর্মকর্তা	সওব্য-৭ শাখা
২৮.	জনাব আবদুল কাদের আলী	প্রশাসনিক কর্মকর্তা	উর্ধ্ব কর্মচারী শাখা
২৯.	জনাব সুলতান আহমদ	প্রশাসনিক কর্মকর্তা	বাবাকো শাখা
৩০.	জনাব মনোরঞ্জন গৌপ	ব্যক্তিগত কর্মকর্তা	আইন অনুবিভাগ
৩১.	জনাব মোঃ সহিদুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	আইন-২ শাখা
৩২.	জনাব মোঃ কামরুল আহসান	প্রশাসনিক কর্মকর্তা	শৃঙ্খলা-৪ শাখা
৩৩.	জনাব মোঃ জয়নাল আবেদীন	প্রশাসনিক কর্মকর্তা	বিধি-২ শাখা

১। প্রশিক্ষণার্থীগণ আগামী ০৪.০২.২০১৭ তারিখ রাত ০৮.০০ ঘটিকার মধ্যে বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজার আঞ্চলিক কেন্দ্রে রিপোর্ট করবেন।

২। কোর্সটি আবাসিক।

৩। প্রশিক্ষণার্থীগণ বিধি মোতাবেক টি.এ./ডি.এ. প্রাপ্য হবেন।

(তনিমা তাসমিন)
উপসচিব

২৯/০২/১৭
১/১/১৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব, প্রশাসন/এপিডি/সিপিটি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৮. জেলা প্রশাসক, কক্সবাজার।
৯. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজার আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার।
১০. উপসচিব-----, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র সহকারী সচিব-----, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৪। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১৫। যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা (যুগ্ম সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১৬। জনাব-----প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৭। অফিস কপি।

(তনিমা তাসমিন)

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

শিল্প মন্ত্রণালয়
 গ্রহন ও প্রেরণ শাখা
 নং ...
 তারিখ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 সংস্থাপন মন্ত্রণালয়
 বিধি-৪ শাখা

নং-সম(বিধি-৪)-ছুটি-১/১৫-২৫৮

তারিখ: ৫-১০-১৫ ইং
 ২০-৬-১৪০২ বাং

বিষয়:- বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরী প্রসঙ্গে।

প্রধান মন্ত্রীর কার্যালয়ের ৩১-৩-১৩ ইং তারিখে ৫৯°১১০°২'০"৬'৯২°৬০(১০০০) সংখ্যক আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার বিদেশ ভ্রমণের অনুমতি উক্ত আদেশে বর্ণিত যথাযথ কর্তৃপক্ষ প্রদান করে থাকেন। ব্যক্তিগত উদ্দেশ্যে কোন কর্মকর্তার বিদেশ ভ্রমণের ক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খ বিদেশ ভ্রমণের অনুমোদনই যথেষ্ট নয়- বহিঃ বাংলাদেশ ছুটির মঞ্জুরীর বিষয়টিও জড়িত। বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরীর এখতিয়ার সংশ্লিষ্ট কর্মকর্তার প্রাথমিক মন্ত্রণালয়ের/চাকুরী নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের। কিন্তু সংশ্লিষ্ট এ বিষয়ে কিছু পদক্ষেপ অব্যাহত রাখা হয়েছে। কোন কোন ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিদেশ ভ্রমণের অনুমতির পর বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর ব্যক্তিরকেই বিদেশ ভ্রমণের প্রবণতা লক্ষ্য করা হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে বিদেশ ভ্রমণের অনুমোদনের বহিঃ বাংলাদেশ ছুটির মঞ্জুরী হিসেবে বিবেচনা করে প্রজ্ঞাপন জারী করা হচ্ছে।

২। এমতাবস্থায় ব্যক্তিগত উদ্দেশ্যে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বিদেশ ভ্রমণের অনুমোদনের পর বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরীর বিষয়ে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন :-

- ক) বহিঃ বাংলাদেশ ছুটির ফর্ম ও ছুটি প্রাপ্যতার সনদ প্রসঙ্গ ছুটির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে।
- খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের বিদেশ ভ্রমণ অনুমোদন সংক্রান্ত তথ্য/কাসেট প্রাদি সংগৃহীত করতে হবে।
- গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করে প্রজ্ঞাপন জারী না করা পর্যন্ত ছুটি ভোল করা যাবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার অনুপস্থিতি অবনুমোদিত অনুপস্থিতি হিসেবে গণ্য হবে।

৩। এ প্রসঙ্গে সংস্থাপন মন্ত্রণালয়ের ৮-৯-৮৭ তারিখের সম(বিধি-৪)ছুটি-৭/৮৭-৫২(২০০)


নং প্রজ্ঞাপন এবং ২৭-৯-৯২ তারিখের সম(বিধি-৪)-ছুটি-৫/১০-২০(২০০) নং প্রজ্ঞাপন অনুসরণের জন্য সংশ্লিষ্ট সর্বলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

(হাবিবুর রহমান)
 সচিব
 সংস্থাপন মন্ত্রণালয়
 তারিখ: ৫-১০-১৫ ইং
 ২০-৬-১৪০২ বাং

নং-সম(বিধি-৪)-ছুটি-১/১৫-২৫৮(২০০)

বিতরণঃ

- ১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, চেঞ্জাও, ঢাকা।

সচিব,  মন্ত্রণালয়/বিভাগ

মোঃ আবু তাহের
 সিনিয়র সহকারী সচিব

০৫। যে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে সরকারি মাননীয় প্রধানমন্ত্রীর অধীনে ন্যূনতম এ আদেশের ১নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ ছাড়া সকল মন্ত্রণালয়/বিভাগের এবং এদের অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্বশাসিত সংস্থার জাতীয় বেতনস্কেলের ৩নং স্কেলভুক্ত সকল কর্মকর্তার ভ্রমণে মাননীয় প্রধানমন্ত্রীর এবং ৪নং ও ৫নং স্কেলভুক্ত সকল কর্মকর্তার ভ্রমণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/বিভাগের সচিবগণের (প্রধানমন্ত্রীর কার্যালয়ের ক্ষেত্রে মুখ্য সচিব) অনুমোদন আবশ্যিক হবে।

০৬। (ক) অর্থায়নের উৎস নির্বিশেষে জাতীয় সংসদের মাননীয় স্পীকার, সুপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (C&AG) পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান তাঁদের নিজেদের এবং অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের সরকারী বা ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন;

(খ) ডেপুটি গভর্নরগণ ব্যতীত বাংলাদেশ ব্যাংকের অধীন সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণে বাংলাদেশ ব্যাংকের গভর্নর অনুমোদন প্রদান করবেন;

০৭। (ক) সিটি কর্পোরেশনের মেয়র, পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান এবং পার্বত্য জেলা পরিষদ সমূহের চেয়ারম্যানদের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন আবশ্যিক হবে;

(খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদ/পার্বত্য জেলা পরিষদসমূহের সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশনের কমিশনারগণ এবং পৌরসভার মেয়রগণের বিদেশ ভ্রমণে স্থানীয় সরকার বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী অনুমোদন দিবেন;

(গ) পৌরসভার কাউন্সিলর, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের বিদেশ ভ্রমণে বিভাগীয় কমিশনার অনুমোদন প্রদান করবেন।

০৮। উপরের অনুচ্ছেদসমূহে যা কিছুই উল্লেখ থাকুক না কেন বাংলাদেশ সরকার/ বিশ্ববিদ্যালয়/ বৈদেশিক ঋণের অর্থের সংশ্লেষ না থাকলে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ তাঁর অধীন সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর অনধিক তিন মাসের বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন।

০৯। দলগতভাবে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে দলের সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট থেকে সকলের ভ্রমণে অনুমোদন প্রয়োজন হবে।

১০। সকল অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের প্রস্তাব পেশকালে নিম্নের তথ্যাদি প্রদান করতে হবে :

(ক) ভ্রমণের প্রয়োজনীয়তা এবং ভ্রমণের উদ্দেশ্যের সাথে মনোনীত কর্মকর্তার উপযোগিতা;

(খ) ভ্রমণকাল (বিদেশে অবস্থান এবং যাতায়াতের সময় পৃথকভাবে উল্লেখ করতে হবে);

(গ) ব্যয়ের উৎস এবং ভ্রমণে বাংলাদেশ সরকারের অর্থের সংশ্লেষ থাকলে বাজেটে (বৈদেশিক মুদ্রার বাজেটসহ) মোট বরাদ্দ, হালনাগাদ ব্যয়িত অর্থ, প্রস্তাবিত ভ্রমণের পর স্থিতি অবস্থার বিবরণী ও খাতওয়ারী ব্যয়ের বিভাজন;

(ঘ) ঋণ চুক্তির অন্তর্ভুক্ত ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণের মেয়াদ ১৫ দিনের অধিক হলে ভ্রমণের ফলে সরকার যেভাবে লাভবান হবে তার বর্ণনা;

(ঙ) প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প হুকে বিদেশ ভ্রমণ এবং এ সংক্রান্ত ব্যয়ের সুনির্দিষ্ট অর্থের সংস্থান;

(চ) বিগত এক বছরের ভ্রমণ বিবরণী (ভ্রমণের তারিখ থেকে পূর্ববর্তী এক বছরের);

(ছ) বিদেশে 'প্রতিনিধি' প্রেরণের ক্ষেত্রে যে পর্যায়ের কর্মকর্তাকে প্রেরণের অনুরোধ করা হয়েছে তার উল্লেখ।

(জ) অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিভিন্ন বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণের বিষয়ে জারীকৃত সকল নীতিমালা (যেখানে যা প্রযোজ্য) অনুসৃত হয়েছে এ মর্মে প্রত্যয়ন প্রদান করবেন;

১১। সরকারের শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে নিম্নোক্ত নির্দেশনাসমূহ বিশেষভাবে অনুসরণ করতে হবে :

(ক) মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ও সচিব/ভারপ্রাপ্ত সচিবগণের একত্রে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করা হবে। জাতীয় স্বার্থে বিশেষ ক্ষেত্রে (যেমন-বিশ্বব্যাংক, আই.এম.এফ. ইত্যাদির বার্ষিক সভা, দাতা গোষ্ঠীর সভা ইত্যাদি) একত্রে বিদেশ ভ্রমণ অপরিহার্য হলে অত্যন্ত সীমিত ক্ষেত্রে এর ব্যত্যয় করা যেতে পারে;

(খ) বিদেশে শিক্ষা সফর/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কসপ/Familiarization Programme-এ সচিব/ ভারপ্রাপ্ত সচিবগণের পরিবর্তে কনিষ্ঠ কর্মকর্তা, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও মধ্য সোপানের কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে;

- (গ) সচিব/তারপ্রাপ্ত সচিবের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে আয়োজক সংস্থা কর্তৃক Business Class-এর টিকেটের প্রার্থী নির্ধারিত করতে হবে;
- (ঘ) মন্ত্রণালয়ের সচিব/তারপ্রাপ্ত সচিব এবং মন্ত্রণালয়/বিভাগের যুগ্ম-সচিব ও অধীনস্থ সংস্থা প্রধানের একত্রে বিদেশ ভ্রমণ শুধুমাত্র জাতীয় স্বার্থে অপরিহার্য ক্ষেত্রে ছাড়া পরিহার করতে হবে। সেক্ষেত্রে অনুরূপ ভ্রমণ অনুমোদনের জন্য প্রেরিত প্রস্তাবে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- (ঙ) মন্ত্রণালয়ের সচিব/তারপ্রাপ্ত সচিবগণ সরকারী কাজে বিদেশ ভ্রমণ করলে সর্বোচ্চ ৪ (চার) বারের মধ্যে সীমাবদ্ধ রাখা যাবে। জাতীয় স্বার্থে, অপরিহার্য ক্ষেত্রে যেমনঃ পদাধিকার বচন Negotiation, সমঝোতা স্মারক স্বাক্ষর, চুক্তি স্বাক্ষর, আন্তর্জাতিক সংস্থায় দেশের প্রতিনিয়িত্ব সচিবের জন্য বাধ্যতামূলক এমন ক্ষেত্রে এর ব্যত্যয় করা যেতে পারে। সেক্ষেত্রে অনুরূপ ভ্রমণ অনুমোদনের জন্য প্রেরিত প্রস্তাবে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে;
- (চ) বিভিন্ন সেমিনার/ওয়ার্কশপে অংশ গ্রহণের জন্য সরকারের সচিব/তারপ্রাপ্ত সচিব পর্যায়ের কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ প্রস্তাব প্রেরণকালে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক কোন পর্যায়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং অন্যায় কারণে অন্য কোন দেশ থেকে কোন পর্যায়ের কর্মকর্তা আমন্ত্রিত হয়েছেন ও অংশগ্রহণ করবেন তা সংগ্রহ করে সংযুক্তি হিসেবে সরিয়ে রাখা করতে হবে;
- (ছ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/তারপ্রাপ্ত সচিবগণ বিদেশ ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর এতদসংক্রান্ত ৩টি প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রীর নিকট পেশ করবেন। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগকে সকল বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে।

১২। বিদেশ ভ্রমণকালে স্বামী/স্ত্রী (স্পাউস) সহগামী/অনুগামী হলে তাঁর ক্ষেত্রেও একই কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে। এ সংক্রান্ত প্রস্তাবে ব্যয়ের উৎস বর্ণনা করতে হবে এবং কোলক্রমেই এই ভ্রমণে বাংলাদেশ সরকার/সংস্থা/খণ্ডের অর্থ ব্যয় করা যাবে না।

১৩। স্বশাসিত সংস্থাকে অর্পিত (ডেলিগেটেড) ক্ষমতা প্রেরণে নিয়োজিত/কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এরূপ বিদেশ ভ্রমণের অনুমতি প্রদানের বিষয় মূল নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(মোঃ শাবুদুল হক রিয়াজ)
মুখ্য সচিব

নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০)

১৯/০৬/২০১১ খ্রিঃ

সংস্ল অর্পিত ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন।
- ২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৫। চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন।
- ৬। মন্ত্রণালয়/বিভাগের সচিব/তারপ্রাপ্ত সচিব।
- ৭। রেজিস্ট্রার, সুপ্রীম কোর্ট।
- ৮। সকল মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ৯। সকল অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান।
- ১০। সকল স্ব-শাসিত সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থার প্রধান।
- ১১। সকল বিভাগীয় কমিশনার।

(কাজী রওশন আক্তার)
পরিচালক
ফোনঃ ৮১৫১২৮৩

১৬২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

নং-৩৬.০৪৯.০১৬.০০.১৩.৫১.২০১০/১৭১

তারিখ : ২৫-০৭-২০১১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

১. চেয়ারম্যান, বিসিআইসি/বিএসএফআইসি/বিএসইসি/বিসিক, ঢাকা।
২. মহাপরিচালক, বিটাক/বিএসটিআই/বিআইএম/বিএবি, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (সকল)/ যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪. রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৬. পরিচালক, এনপিও, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৮. প্রধান বয়লার পরিদর্শক, বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১০. অফিস কপি।


২৫.৭.১১
(নিমাই চন্দ্র পাল)
উপসচিব, প্রশাসন (সমন্বয়)
ফোনঃ ৯৫৫১৩৮৪

২১৪


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (স্থানীয় প্রশিক্ষণ) শাখা
www.moind.gov.bd

নং ৩৬.০০.০০০০.০৫৩.০৮.০০৮.০৭.২৭

তারিখঃ ০৩-০২-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুরের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-০২-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৩১.৯৯.০০১.১২-১০১/১(৭০) নং পত্রের হায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(ডাঃ মোঃ আব্দুল করিম)
উপসচিব
ফোনঃ ৯৫৫১৮৯৩

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, বিসিআইসি/বিএসএফআইসি/বিএসইসি/বিসিক, ঢাকা।
- ২। মহাপরিচালক/ বিএসটিআই/কিআইএম/ বিটাক/বিএবি, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, এনপিও, ঢাকা।
- ৫। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা।

০/৮


উপসচিব

ব্যক্তিগত কারণে সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী।

- ০১। আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) ও আইডি নং :
- ০২। পিতা/স্বামীর নাম :
- ০৩। পদবি ও অফিসের ঠিকানা :
- ০৪। বেতন স্কেল :
- ০৫। যে দেশ ভ্রমণ করবেন (যে স্থানসমূহ ভ্রমণ করতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে) :
- ০৬। প্রস্তাবিত ভ্রমণের মেয়াদ :
- ০৭। যদি পরিবারের কোন সদস্য বা অন্য কাউকে সঙ্গে নিয়ে যেতে চান (তঁার/তাদের নাম, বয়স ও আবেদনকারীর সঙ্গে সম্পর্ক উল্লেখ করতে হবে) :
- ০৮। ভ্রমণের উদ্দেশ্য :
- ০৯। শেষবার কবে ঐ দেশ সফর করেছেন এবং কত দিনের জন্য :
- ১০। আনুমানিক খরচের পরিমাণ (বাস্তবতার নিরিখে) :
- ১১। প্রস্তাবিত ভ্রমণের খরচ কীভাবে মিটানো হবে (নিজ ব্যতীত বিদেশে অবস্থানরত কোন আত্মীয় খরচ বহন করতে সম্মত হলে তঁার/তাদের পূর্ণ নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও লিখিত সম্মতিপত্র) :

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:

মোবাইল নম্বর:-----

- ১২। সরকারের তরফ হতে কোন প্রকার বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না এই মর্মে প্রত্যয়নসহ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/অফিস প্রধানের সুপারিশ।

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/অফিস প্রধানের স্বাক্ষর ও

(সীল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা।
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩০.০০.০৪২.১৬-৯৩১

তারিখ: ০৮ পৌষ ১৪২৩
২২ ডিসেম্বর ২০১৬

বিষয়: বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারের বিভিন্ন পর্যায়ের এবং সরকারের উপসচিব হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষমতা অর্পণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০/১২/২০১৬ তারিখের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৩০.০০.০৪২.১৬-৯২৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পরিপত্রে বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারের বিভিন্ন পর্যায়ের এবং সরকারের উপসচিব হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষমতা মন্ত্রণালয়/বিভাগে অর্পণ করা হয়েছে। পরিপত্রের মর্মানুসারে/পরিপত্রে বর্ণিত কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের লক্ষ্যে পরিপত্রের একটি কপি এ সাথে সংযুক্ত করা হলো।

- ২। কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:
 - ক. যে পর্যায়ের কর্মচারীর অর্জিত ছুটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদনযোগ্য তাদের ছুটি অনুমোদনের সার-সংক্ষেপ প্রেরণের সময় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৪/১২/২০১৪ তারিখের ১১৩৬ সংখ্যক পত্রে জারীকৃত মাননীয় প্রধানমন্ত্রীর জন্য সার-সংক্ষেপ প্রণয়ন ও প্রেরণ সংক্রান্ত বিধি-বিধান, রীতি ও পদ্ধতি অনুসরণ করতে হবে;
 - খ. ছুটি মঞ্জুরের আদেশ/প্রজ্ঞাপনের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
 - গ. ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R. (Part-1) এর Appendix-viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে মর্মে ছুটি মঞ্জুরের আদেশ/প্রজ্ঞাপনে উল্লেখ করতে হবে;
 - ঘ. বিদেশ ভ্রমণের ক্ষেত্রে মঞ্জুরকৃত অর্জিত ছুটির প্রজ্ঞাপন ইংরেজী ভাষায় করা যাবে;
 - ঙ. বিদেশ ভ্রমণের ক্ষেত্রে মঞ্জুরকৃত অর্জিত ছুটির প্রজ্ঞাপন মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে;
 - চ. ছুটি মঞ্জুরের প্রজ্ঞাপনে স্বাক্ষরকারী কর্মকর্তার টেলিফোন নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা উল্লেখ করতে হবে।

Muhammad 22.12.2016
(সৈয়দা ফারহানা কাউনাইন)
উপসচিব
ফোন : ৯৫৭৪৫৫৮

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

-----মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৩০.০০.০৪২.১৬-২২৮


তারিখ: ০৬ পৌষ ১৪২৩
২০ ডিসেম্বর ২০১৬

পরিশিষ্ট

বিষয়: বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারের বিভিন্ন পর্যায়ের এবং সরকারের উপসচিব হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষমতা অর্পণ।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারের বিভিন্ন পর্যায়ের এবং সরকারের উপসচিব হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীদের অর্জিত ছুটি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। এ ছুটি বি.এস.আর. (পার্ট-১) এর অনুচ্ছেদ-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী মঞ্জুর করা হয়ে থাকে। মার্চ পর্যায়ের কর্মরত কর্মচারীদের ছুটি মঞ্জুরের ক্ষমতা ইতোমধ্যে বিভাগীয় কমিশনারগণের নিকট অর্পণ করা হয়েছে। প্রশাসনিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে কর্মরত কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষমতা সরকার কর্তৃক নিম্নোক্তভাবে অর্পণ করা হলো:

১. অর্জিত ছুটি একাদিক্রমে ৪ (চার) মাস পর্যন্ত মঞ্জুর করা যাবে; তবে তিন মাস বা তার অধিক ছুটি মঞ্জুর করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।
২. অতিরিক্ত সচিব পর্যন্ত কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মন্ত্রণালয়/বিভাগের সচিব/সিনিয়র সচিবগণ মঞ্জুর করবেন। সচিব ও সিনিয়র সচিববৃন্দের অর্জিত ছুটি মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী/মন্ত্রীগণ মঞ্জুর করবেন।
৩. বিদেশ ভ্রমণের লক্ষ্যে অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯/০৬/২০১১ তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) সংখ্যক পরিশিষ্ট অনুসরণ করতে হবে।
৪. ত্রমিক ১ এ বর্ণিত ছুটির অতিরিক্ত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশসহ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।



(ড. মোঃ মোজাম্মেল হক খান)

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়


২০.১২.১৬

তারিখ: ০৬ পৌষ ১৪২৩
২০ ডিসেম্বর ২০১৬

নম্বর-০৫.০০.০০০০.১৩০.০০.০৪২.১৬-২২৮/২(০০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। পরিচালক, হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ১১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সকল)/খুলাসচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা।



(সৈয়দা ফারহানা কাউনাইন)

উপসচিব

টেলিফোন: ৯৫৭৪৫৫৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd


স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.১৩.০০৩.১২- ২৪২

তারিখ : ২৮ শ্রাবণ ১৪১৯ বঙ্গাব্দ
১২ আগস্ট, ২০১২ খ্রিস্টাব্দ

বিষয় : পর পর দুই বছর পবিত্র হজ্জ পালনের জন্য বহিঃবাংলাদেশ ভ্রমণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিল্প মন্ত্রণালয়ের প্রশাসন (স্থানীয় প্রশিক্ষণ) শাখার স্মারক নং-৩৬.০০.০০০০.০৫৩.০৮.০০৭.১১.১৪৬,
তারিখ : ২২/০৭/২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ধর্মীয় কারণে একজন কর্মকর্তা/কর্মচারীকে পবিত্র হজ্জ পালনের জন্য পর পর ০২ (দুই) বছর বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরী ও বিদেশ ভ্রমণের অনুমতি প্রদানের ক্ষেত্রে বিধিগত কোন বাধা নেই।


১২.০৮.১২
(এ এস এম মুস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪৪৯২

sasregulation4@mopa.gov.bd

✓ সচিব,
শিল্প মন্ত্রণালয়,
৯১ মতিঝিল, বা/এ, ঢাকা।

উপ-সচিব (প্রশাসন-১)	
উপ-সচিব (প্রশাসন-২)	✓
উপ-সচিব পর (সঃ পৌঃ)	
উপ-সচিব পর (সঃ ও মঃ)	
উপ-সচিব প্রঃ (বাজেট)	
উপ-সচিব প্রঃ (সংস্করণ)	
যুগ্ম সচিব (সঃ ও মঃ)	

১২

১২/০৮/১২
২৬/৮/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা

উন্নয়ন/মানব সম্পদ

০৬ শ্রাবণ ১৪১৬

তারিখ : -----

২১ জুলাই, ২০০৯

নং-১ (৬৮)/২০০৮-মপবি (সিঃ অঃ)/৩৩৩

বিষয় : - একজন কর্মকর্তা বছরে কতবার বিদেশে যাবেন সে বিষয়ে সংখ্যা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-৪ এর পত্র সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৯-৭১, তারিখঃ ১৫ জুন, ২০০৯

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ২৫-০৬-০৯ইং সকাল ১১.০০ ঘটিকায় মন্ত্রিপরিষদ

সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

২। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :


সিদ্ধান্তঃ ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণ :

- ব্যক্তিগত কারণের আওতায় চিকিৎসা, পারিবারিক আত্মীয় স্বজন/বন্ধু বান্ধবের সাথে সাক্ষাৎ/ধর্মীয় কারণ/তীর্থস্থান পরিদর্শনের জন্য বিদেশ সফর করা যেতে পারে।
- ধর্মীয় কারণে (হজ্জের জন্য) ও চিকিৎসা ব্যতীত প্রতি তিন বৎসরে ১ বার সর্বোচ্চ ১৫ দিনের জন্য বিদেশে অবস্থান করা যেতে পারে।
- ধর্মীয় কারণে (হজ্জের জন্য) কর্মকর্তার ইচ্ছা অনুযায়ী সর্বোচ্চ ৪৫ দিনের জন্য বিদেশে অবস্থান করতে পারবেন।
- চিকিৎসার কারণে মেডিকেল বোর্ডের সুপারিশ অনুযায়ী মেডিকেল বোর্ডের সুপারিশকৃত সময়সীমা অনুযায়ী।

সিদ্ধান্তঃ দাপ্তরিক কারণে বিদেশ ভ্রমণ :

- দাপ্তরিক কারণে বছরে একজন কর্মকর্তা সর্বোচ্চ ৬ (ছয়) বার বিদেশ যেতে পারবেন। এর অধিক সংখ্যক যাত্রার প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকটবর্তী কনিষ্ঠ কর্মকর্তাকে/অথবা কাজের বিষয়ের সাথে সম্পৃক্ত অন্য কোন কর্মকর্তাকে বিদেশে প্রেরণ করতে হবে।
- মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/বাংলাদেশ ব্যাংকের গভর্নর/সচিব/ভারপ্রাপ্ত সচিব/সমপর্যায়ের/এনপিএস-১ স্কেলভুক্ত কর্মকর্তার বিদেশ যাত্রার অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে।
- এনপিএস-২ নং বেতন স্কেলভুক্ত কর্মকর্তা/সংস্থা প্রধানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী বিদেশ যাত্রা অনুমোদন করবেন।
- অতিরিক্ত সচিব/সমপর্যায়ের কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও তার নিম্ন পর্যায়ের কর্মকর্তাগণের অনুমোদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব/সভারপ্রাপ্ত সচিবগণ দিবেন।
- বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকগণের বিদেশ যাত্রার অনুমোদনের কর্তৃপক্ষ হবেন মন্ত্রিপরিষদ সচিব।
- উপ-মহাপুলিশ পরিদর্শক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারের বিদেশ যাত্রার প্রস্তাব অনুমোদনের পর্যায় হবে সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

Circular/p-524



নামঃ.....

পদবীঃ.....

স্বাক্ষরঃ.....

তারিখঃ.....

মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/বাংলাদেশ ব্যাংকের গভর্নর/সচিব/ভারপ্রাপ্ত সচিব/সমপর্যায়ের/এনপিএস-১ স্কেলভুক্ত কর্মকর্তার বিদেশ যাত্রার অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে।

সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২৭০

-২-

(গ) সংস্থাপন মন্ত্রণালয় ব্যক্তিমত ও দাপ্তরিক কারণে বিদেশ যাত্রার সংখ্যা ও অনুমোদনের পর্যায়ের বিষয়ে পরিপত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সংযুক্তি : বর্ণনামতে কার্যবিবরণী।

স্বাক্ষরিত/-

২৩/৭/০৯

(ড. নাসিম আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৭১৬১৯৭১

AM
১১/০৭/০৯
৩০/০৭/০৯

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :


XXX	XXX	XXX
২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/কৃষি মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়		
XXX	XXX	XXX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (প্রশাসন) অনুবিভাগ
প্রশাসন অধিশাখা-১
বিনংরঃব: III/সড়ক মড়া, নফ

নং-অম/অবি/ব্যাংক/প্রশা-১/বিবিধ-১/২০০৮- ৩০৯

তারিখঃ-০৫/০৮/২০০৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


০৫/০৮/০৯
(রহী রহমান)
উপ-সচিব

ফোন : ৯৫৫৪৯৪০

বাংলাদেশ শিল্প ব্যাংক

প্রধান কার্যালয় : ঢাকা।


মানব সম্পদ ব্যবস্থাপনা উপ-বিভাগ

নং- ০২.১/৮৪.০১/

আগস্ট ০৯, ২০০৯

শ্রাবণ ২৫, ১৪১৬

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রচার করা হ'ল।


(মোঃ শিরাকত আলী খান)

উপ-মহাব্যবস্থাপক

বিতরণঃ

- ০১। মহান্যায়দায়িত্বের অফিস, বাংলাদেশ শিল্প ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রধান কার্যালয়ের উপ-বিভাগীয় প্রধানগণ, বাংলাদেশ শিল্প ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। আঞ্চলিক ও শাখা অফিস প্রধানগণ।
- ০৪। ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অফিস, বাংলাদেশ শিল্প ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

বিদেশে অবস্থানের সীমা সর্বোচ্চ ৪৫ দিন করা যেতে পারে। তাছাড়া চিকিৎসার জন্য বিদেশ যাত্রার সংখ্যা নির্দিষ্ট না করাই যৌক্তিক হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তবে সাধারণভাবে একজন কর্মকর্তা ব্যক্তিগত কারণে সর্বোচ্চ ১৫ দিন বিদেশে অবস্থান করতে পারেন মর্মে তিনি মত ব্যক্ত করেন।

৪। সিদ্ধান্ত
বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ব্যক্তিগত কারণে বিদেশ যাত্রার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) ব্যক্তিগত কারণের আওতায় চিকিৎসা, পারিবারিক আত্মীয় স্বজন/বন্ধু বান্ধবের সাথে সাক্ষাৎ/ধর্মীয় কারণ/তীর্থস্থান পরিদর্শনের জন্য বিদেশ সফর করা যেতে পারে।
(খ) ধর্মীয় কারণে (হজ্জের জন্য) ও চিকিৎসা ব্যতীত প্রতি তিন বৎসরে ১ বার সর্বোচ্চ ১৫ দিনের জন্য বিদেশে অবস্থান করা যেতে পারে।
(গ) ধর্মীয় কারণে (হজ্জের জন্য) কর্মকর্তার ইচ্ছা অনুযায়ী সর্বোচ্চ ৪৫ দিনের জন্য বিদেশে অবস্থান করতে পারবেন।
(ঘ) চিকিৎসার কারণে মেডিকেল বোর্ডের সুপারিশ অনুযায়ী মেডিকেল বোর্ডের সুপারিশকৃত সময়সীমা অনুযায়ী।

৫। আলোচনা : দাপ্তরিক কারণে বিদেশ ভ্রমণ।

৫.১। দাপ্তরিক কারণে কতবার বিদেশ যাওয়া যেতে পারে সে বিষয়ে সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণের অভিমত জানতে চান। সভায় উপস্থিত অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব ফজলে কবির বলেন যে, দাপ্তরিক কারণে Meeting/Conference, Training ও Study Tour এ তিন ভাগে ভাগ করে সে অনুযায়ী সর্বোচ্চ সংখ্যা নির্ধারণ করা যেতে পারে। মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন ও বিধি) খন্দকার আনোয়ারুল ইসলাম বলেন যে, সেই সাথে বর্তমানে প্রচলিত বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী উচ্চ শিক্ষার জন্য বিদেশে যাত্রার সংখ্যা নির্ধারিত হতে পারে।
৫.২ সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, দাপ্তরিক কারণে সর্বোচ্চ ৬ (ছয়) বারের অধিক বিদেশ যাত্রার সংখ্যা নির্ধারণ করা ঠিক হবে না। এতে করে সংশ্লিষ্ট দফতরের সরকারী কর্মসম্পাদনে ব্যাঘাত ঘটবে। ব্যক্তিগত ও দাপ্তরিক কারণে বিদেশ যাত্রার অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অতিমাত্রায় সার-সংক্ষেপ উপস্থাপন করা হচ্ছে যার মাত্রা কমিয়ে আনা প্রয়োজন বলে ও সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ না করাই সমিচীন হবে। এক্ষেত্রে Rules of Business, 1996 এর বিধি-বিধানসমূহ সঠিকভাবে প্রতিপালনের ওপরও গুরুত্ব দেয়া হয়।

৬। সিদ্ধান্ত
বিস্তারিত আলোচনা শেষে দাপ্তরিক কারণে বিদেশ যাত্রার সংখ্যা, ব্যক্তিগত ও দাপ্তরিক কারণে বিদেশ যাত্রার অনুমোদনের পর্যায় সম্পর্কে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) দাপ্তরিক কারণে বছরে একজন কর্মকর্তা সর্বোচ্চ ৬ (ছয়) বার বিদেশ যেতে পারবেন। এর অধিক সংখ্যক যাত্রার প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকটবর্তী কনিষ্ঠ কর্মকর্তাকে/অথবা কাজের বিষয়ের সাথে সম্পৃক্ত অন্য কোন কর্মকর্তাকে বিদেশে প্রেরণ করতে হবে।
(খ) মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/বাংলাদেশ ব্যাংকের গভর্নর/সচিব/ভারপ্রাপ্ত সচিব/সমপর্যায়ের/এনপিএস-১ স্কেলভুক্ত কর্মকর্তার বিদেশ যাত্রার অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা

০৬ শ্রাবণ, ১৪১৬

নং-১(৬৮)/২০০৮-মপবি(সাঃ অঃ)/৩৩২

তারিখ : -----

২১ জুলাই, ২০০৯

একজন কর্মকর্তা বছরে কতবার বিদেশে যাবেন সে বিষয়ে সংখ্যা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে ২৫ জুন ২০০৯ তারিখ মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

২৫/৬/০৯ ইং তারিখ সকাল ১১.০০ টায় মন্ত্রিপরিষদ সচিব এম আবদুল আজিজ এনডিসি এর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ কক্ষে একজন কর্মকর্তা বছরে কতবার বিদেশ যাবেন সে বিষয়টি নির্দিষ্ট করণের নিমিত্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

৩। আলোচনা : ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণ।

৩.১ সভার প্রেক্ষাপট বর্ণনায় সভাপতি বলেন যে, একজন কর্মকর্তা বছরে কতবার বিদেশ যাবেন সে বিষয়ে সংখ্যা নির্ধারণ প্রয়োজন মর্মে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংস্থাপন মন্ত্রণালয়কে পরিপত্র জারীর জন্য অনুরোধ করা হয়। সংস্থাপন মন্ত্রণালয় এ বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ এর মতামত চাইলে প্রধানমন্ত্রীর কার্যালয় জানায় যে এ বিষয়ে সিদ্ধান্তের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হলে তিনি মন্ত্রিপরিষদ সচিব আলোচনা করে পদক্ষেপ নিবেন বলে নির্দেশনা প্রদান করেছেন।

৩.২ একজন কর্মকর্তা চিকিৎসা/আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাৎ/তীর্থ ভ্রমণ ও ধর্মীয় কারণ, উচ্চ শিক্ষাগ্রহণ/দাপ্তরিক দায়িত্বের আওতায় সেমিনার/ওয়ার্কশপ, ডেলিগেশন প্রভৃতি কারণে বিদেশ সফর করে থাকেন। অর্থাৎ একজন কর্মকর্তা ব্যক্তিগত ও দাপ্তরিক এই দুই কারণে বিদেশ যেতে পারেন। সভাপতি ব্যক্তিগত কারণে একজন কর্মকর্তা কতবার বিদেশ যেতে পারেন সে বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণের অভিমত জানতে চান।

ব্যক্তিগত কারণের আওতায় চিকিৎসা, আত্মীয় স্বজনের সাথে সাক্ষাৎ, ধর্মীয় কারণ ও তীর্থ স্থান পরিদর্শনের জন্য বিদেশ যেতে পারেন বলে সভায় আলোচনা হয়। ব্যক্তিগত কারণে বিদেশ সফরের সংখ্যা নির্ধারণ প্রসঙ্গে সভায় উপস্থিত কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব সি কিউ কে মুসতাক আহমেদ বলেন যে, সমস্ত চাকুরীকালের হিসাবকে ভিত্তি করে ব্যক্তিগত কারণে বিদেশ সফরের সংখ্যা নির্ধারণ করা যেতে পারে। প্রতি তিনবছরে একবার ব্যক্তিগত কারণে বিদেশ যাওয়া যেতে পারে। সে অনুযায়ী একজন কর্মকর্তার চাকুরীকাল যদি ৩০ বৎসর হয় তাহলে সেই কর্মকর্তা সর্বোচ্চ ১০ বার ব্যক্তিগত কারণে বিদেশ যেতে পারবেন বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

৩.৩ এ প্রসঙ্গে সভায় উপস্থিত সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (বিধি) জনাব মোঃ ফিরোজ মিয়া বলেন যে, ধর্মীয় কারণে বিশেষত হজ্জের কারণে একজন কর্মকর্তার বিদেশ যাত্রার সংখ্যা নির্দিষ্ট করলে তাতে ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে। তাই ধর্মীয় কারণে হজ্জের জন্য সংখ্যা নির্দিষ্ট করা সঠিক হবে না বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে তিনি বলেন যে, ধর্মীয় কারণে হজ্জের জন্য একজন কর্মকর্তার প্রতিবার

(গ) এনপিএস-২ নংবেতন স্কেলভুক্ত কর্মকর্তা/ সংস্থা প্রধানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী বিদেশ যাত্রা অনুমোদন করবেন।

(ঘ) অতিরিক্ত সচিব/ সমপর্যায়ের কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও তার নিম্ন পর্যায়ের কর্মকর্তাগণের অনুমোদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিবগণ দিবেন।

(ঙ) বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসকগণের বিদেশ যাত্রার অনুমোদনের কর্তৃপক্ষ হবেন মন্ত্রিপরিষদ সচিব।

(চ) উপ-মহাপুলিশ পরিদর্শক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারের বিদেশ যাত্রার প্রস্তাব অনুমোদনের পর্যায় হবে সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(ছ) সংস্থাপন মন্ত্রণালয় ব্যক্তিগত ও দাপ্তরিক কারণে বিদেশ যাত্রার সংখ্যা ও অনুমোদনের পর্যায়ের বিষয়ে পরিপত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২১/০৭/০৯

(এম আবদুল আজিজ এনডিসি)
মন্ত্রিপরিষদ সচিব

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ/কৃষি মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। উপ-সচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। অফিস কপি।

২১/৭/০৯

(ড. নাসিম আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬১৯৭১

পরিশিষ্ট ক

- ১। জনাব ইকবাল মাহমুদ, সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ২। জনাব সি, কিউ কে মুসতাক আহমেদ, সচিব, কৃষি মন্ত্রণালয়।
- ৩। জনাব ফজলে কবির, অতিরিক্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ৪। জনাব উজ্জল বিকাশ দত্ত, অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। খন্দকার আনোয়ারুল ইসলাম, যুগ্ম-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। জনাব এ, এম, বদরুদ্দোজা, যুগ্ম-সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ৭। জনাব মোঃ ফিরোজ মিয়া, যুগ্ম-সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ৮। জনাব মোঃ মঈন উদ্দিন, উপ-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৯। ড. নাসিম আহমেদ, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৭০

শিল্প মন্ত্রণালয়
জ.নং ১১২৫
জং ২.২/০৪
মুখ্য সচিব (এই-১)
মুখ্য সচিব (BSFC)
উপ সচিব (এই-২) ✓
উপ সচিব (বাংলা)
উপ সচিব (এই সা লেট)
উপ সচিব (এইমআইএস)
তারিখঃ ১০ মে ১৪২০
২৪ মার্চ ২০১৪
অতিরিক্ত সচিব (এই)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।

নং-কনস-বিবিধ/২০১৪/২/৪

তারিখঃ

বিষয়ঃ নিজ উদ্যোগে সংগৃহীত আমন্ত্রণপত্রের ভিত্তিতে বিদেশ সফরের সরকারি আদেশ জারির ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি কতিপয় সরকারি কর্মকর্তা/কর্মচারী নিজ উদ্যোগে মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের সরকারি/বেসরকারি সংস্থা কর্তৃক আয়োজিত অনুষ্ঠান/সেমিনার/প্রশিক্ষণ ইত্যাদিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণপত্র সংগ্রহ করে থাকেন। উক্ত আমন্ত্রণপত্রের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় আমন্ত্রিত কর্মকর্তাকে অংশগ্রহণের নিমিত্ত আফিস আদেশ ইস্যু করে থাকে এবং সেই আদেশের ভিত্তিতে পররাষ্ট্র মন্ত্রণালয় তাদের অনুকূলে নোট ভারবাল ইস্যু করে আসছে। কিন্তু দূতাবাস কর্তৃক টিনা প্রক্রিয়াকরণ সময়ে আমন্ত্রণপত্রসমূহ সঠিক নয় বা অস্তিত্বহীন প্রতীয়মান হয়েছে যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য বিভ্রান্তকর। এমতাবস্থায়, পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়োক্ত পদক্ষেপসমূহ জরুরীভিত্তিতে গ্রহণ করা আবশ্যিক বলে মনে করে:

- (ক) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক সরকারি অফিস আদেশ জারির পূর্বে সংগৃহীত আমন্ত্রণপত্র যথাযথভাবে যাচাই-বাছাই করা;
- (খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক নির্ধারিত বাহক মারফত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সকল ধরনের ভিসা আবেদনপত্র নির্ধারিত দূতাবাস/কনস্যুলেট অফিসে প্রেরণের ব্যবস্থা করা।

০২। উপরোক্ত বর্ণনার আলোকে ব্যক্তিগতভাবে সংগৃহীত আমন্ত্রণপত্রের ভিত্তিতে বিদেশ সফরের নিমিত্ত সরকারি আদেশ (GO) জারির পূর্বেই যাচাই-বাছাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুল হাসান মুবা)
পরিচালক (কনস্যুলার)
ফোনঃ ৯৫৮১৭২৯

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা

নং-০৫.০০.০০০০.২০২.০০.০০৭.১৩- ১০০

তারিখঃ ০২ বৈশাখ ১৪২১
১৫ এপ্রিল ২০১৪

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....
৩. অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. মুখ্যসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব বাহুদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি/গার্ড ফাইল।

(মুঃ জসীম উদ্দিন খান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬


১৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বৈদেশিক প্রশিক্ষণ অধিশাখা
৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

স্মারক নং- ৩৬.০০.০০০০.০৫২.২৫.০৩৭.১৩/১২১

তারিখঃ ২৯-০৪-২০১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।


(মোঃ আবদুছ ছবুর চৌধুরী)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫১৮৯৩

বিতরণ :

- ০১। চেয়ারম্যান, বিসিআইসি/বিএসইসি/বিএসএফআইসি/বিসিক, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বিএসটিআই/বিটাক/বিআইএম/বিএবি, ঢাকা।
- ০৩। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন এন্ড ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পরিচালক, এনপিও, ঢাকা।
- ০৫। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব (স্থানীয় প্রশিক্ষণ শাখা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। অফিস কপি।